



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) ২০২৩-২০২৪ কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের (অক্টোবর ২০২৩- ডিসেম্বর ২০২৩ পর্যন্ত) নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ মোস্তফা কামাল মহাপরিচালক
সভার তারিখ	৩০/১০/২০২৩ খ্রি.
সভার সময়	দুপুর ১২:৪০০ ঘটিকা
স্থান	আইসিটি অধিদপ্তরের সম্মেলন কক্ষ
উপস্থিতি	...

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয় সভার আলোচ্য সূচী উপস্থাপনের জন্য এ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশলের ফোকাল পয়েন্টকে অনুরোধ করেন। তিনি স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের মাধ্যমে সুশাসন ও জবাবদিহিতা নিশ্চিতকরণের ক্ষেত্রে আইসিটি অধিদপ্তরের গৃহীত বিভিন্ন কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। সভাপতি আরো জানান, সরকারি কর্মকাণ্ডে নৈতিকতা নিশ্চিতকল্পে অংশীজনের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তৃণমূল পর্যায়ে তথ্য প্রযুক্তির সুবিধা পৌছানোর ফলে জনগণের জীবনমানে উল্লেখযোগ্য পরিবর্তন এসেছে। সভায় নৈতিকতা বিষয়ে আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচনা	সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
১। সকল প্রতিবেদন প্রেরণে সচেতন হওয়া এবং যথাসময়ে প্রেরণ নিশ্চিত করা ও নিয়মিতভাবে ফলো-আপ নেয়ার বিষয়ে আলোচনা করা হয়।	অফিসের সকল প্রতিবেদন যথাসময়ে প্রেরণ ও নিয়মিতভাবে ফলো-আপ করতে হবে।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীকে শৃঙ্খলা ও আচরণ বিধিমালার উপর গুরুত্ব দেয়া এবং এ বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়।	শৃঙ্খলা ও আচরণ বিধিমালার উপর প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৩। আইসিটি অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীকে অফিসে অফিসিয়াল/ফরমাল পোশাক-পরিচ্ছদ পরিধান করে উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়।	সকল কর্মকর্তা/কর্মচারীকে অফিসিয়াল/ফরমাল পোশাক-পরিচ্ছদ পরিধান করে অফিসে আসতে হবে।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৪। সভাপতি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রতিটি শাখা তাদের নিজ নিজ ক্রয় ও ট্রেডার সংশ্লিষ্ট বিষয়ে স্বচ্ছ থাকার বিষয় প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন। এক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা অর্জনের জন্য বিভিন্ন কর্মশালা আয়োজনের উপর গুরুত্ব আরোপ করেন।	প্রতিটি শাখায় ক্রয় ও ট্রেডার সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদেরকে দক্ষতা অর্জনের জন্য কর্মশালার আয়োজন করতে হবে।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

৫। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীদের বাধ্যতামূলকভাবে সরকারি কর্মকর্তার অত্যাৱশ্যকীয় আর্থিক বিধিবিধান সম্পর্কে স্বচ্ছ ধারণা এবং দুর্নীতি বিরোধী সচেতনতামূলক সভা আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়।	সকল কর্মকর্তা/কর্মচারী নিয়ে অত্যাৱশ্যকীয় আর্থিক বিধিবিধান এবং দুর্নীতি বিরোধী সচেতনতামূলক সভার আয়োজন করতে হবে।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
--	---	-----------------------------------

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬-১১-২০২৩

মোঃ মোস্তফা কামাল

মহাপরিচালক

+৮৮ ০২-৪১০২৪০৭২ (ফোন)

+৮৮ ০২-৫৫০০৬৮৮২ (ফ্যাক্স)

dg@doict.gov.bd

নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.১৬.০৫৫.১৭.২৪৭৯

১১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণ :

১। আইসিটি অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তাগণ।



২৬-১১-২০২৩

মোঃ মোস্তফা কামাল

মহাপরিচালক